

## মায়ের জন্য গাছ (Trees for Mum), ২০১২

গত বছরের মতো গত ১৩ই মে, ২০১২, রবিবার, বিশ্ব মাতৃদিবস উপলক্ষ্যে হিলস শ্যায়ার কাউন্সিল এর উদ্যোগে রাউস হিলস এলাকার ব্রস পার্সার রিজার্ভে ‘মায়ের জন্য গাছ’ (Trees for Mum) বৃক্ষ-রোপন অনুষ্ঠান উদযাপন করা হয়। এই অনুষ্ঠানে যোগদানকারীরা কনকনে ঠান্ডা বাতাস অগ্রাহ্য করে উল্লেখযোগ্য সংখ্যক গাছ লাগিয়ে ধরিত্রী মায়ের সেবার মধ্যমে নিজের মা-কে আবারও সন্মান জানালেন। কাউন্সিলের বন-সংরক্ষণ কর্মকর্তা রফিক হক হিলস শ্যায়ার কাউন্সিলে এই অনুষ্ঠানের উদ্যোক্তা। এই বৃক্ষ-রোপন অনুষ্ঠানের বিষয়বস্তুর প্রতি শ্রদ্ধা জানাতে ২০০৩ সাল থেকে তিনি প্রতি বছর এই অনুষ্ঠান আয়োজন করে আসছেন। গতবছরের তুলনায় এবছর বাংলাদেশী কমুনিটির উপস্থিতি বিশেষ ছিলো না। কিন্তু বিভিন্ন কমুনিটির বিপুল সংখ্যক সদস্য এবং বন-স্বৈচ্ছাসেবক সহ ‘মায়ের জন্য গাছ’ অনুষ্ঠানে উপস্থিতি ছিলো উল্লেখযোগ্য। ক্যাচমেন্ট মানেজমেন্ট অথরিটির কর্মকর্তা, বিশিষ্ট ইকোলজিস্ট পিটার রিজওয়ে ব্লুম্‌মাউন্টেন এলাকা থেকে এসেছিলেন অনুষ্ঠান ব্যবস্থাপনায় সহযোগিতা সহ নিজের মায়ের নামে গাছ লাগাতে।

“...watching rugby-game is boring, this is really cool !!” জানালেন আট-বছর বয়সের ব্যস্ত বৃক্ষ-রোপনকারী।



ড: ফেরদৌসী ইসলাম এবং ড: হেদায়েতুল ইসলাম দুই মেধাবী কন্যা রুমকি আর পিংকি-কে নিয়ে ‘মায়ের জন্য গাছ’ অনুষ্ঠানে বৃক্ষ-রোপন করছেন।